প্রধান উপদেষ্টার সঙ্গে জাতিসংঘ মহাসচিবের বৈঠক বৃহস্পতিবার

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের বৈঠক আগামীকাল বৃহস্পতিবার (২৬ সেপ্টেম্বর) স্থানীয় সময় দুপুর ২টা ১৫ মিনিটে জাতিসংঘ সচিবালয়ে অনুষ্ঠিত হবে।

এ বৈঠকটি জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে অনুষ্ঠিত হবে। প্রধান উপদেষ্টার নির্ধারিত কর্মসূচিতে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

ড. মুহাম্মদ ইউনূস বর্তমানে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের অংশ হিসেবে বিভিন্ন বিশ্বনেতাদের সঙ্গে বৈঠক করছেন। ইতোমধ্যে তিনি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে একটি দ্বিপক্ষীয় বৈঠক করেছেন। মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) নিউইয়র্কের স্থানীয় সময় বেলা ১১টায় জাতিসংঘ সদর দপ্তরে উভয় নেতা সাক্ষাৎ করেন। বৈঠক সংক্রান্ত বিষয়গুলো নিয়ে হোয়াইট হাউস একটি বিবৃতি প্রকাশ করেছে।

বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, ‘বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে সাম্প্রতিক নিয়োগের জন্য অধ্যাপক ইউনূসকে অভিনন্দন জানান মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। দুই নেতা যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতার বিষয়টি নিশ্চিত করেন, যা পরস্পরের গণতান্ত্রিক মূল্যবোধ এবং জনগণের মধ্যে দৃঢ় সম্পর্কের ওপর ভিত্তি করে। প্রেসিডেন্ট বাইডেন দুই সরকারের মধ্যে আরও সহযোগিতাকে স্বাগত জানান এবং বাংলাদেশে চলমান সংস্কার কার্যক্রমে মার্কিন সমর্থন অব্যাহত রাখার কথা নিশ্চিত করেন।’

পড়ুন.. https://www.meherpurpratidin.com/গান-গেয়ে-গেয়ে-যুবককে/‎

এছাড়া, জাতিসংঘ সদর দপ্তরে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে পৃথক বৈঠক

করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি আইএমএফের ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টালিনা জর্জিয়েভা সহ অন্যান্য নেতাদের সঙ্গেও সাক্ষাৎ করেছেন।

সুত্রঃ কালবেলা